আড়ানী পৌরসভা কার্যালয়
বাঘা, রাজশাহী।

স্মারক নং ৪৬.৪৩.৮১১০.০০৮.০০১.০২.০০০১.২৬- 82

তারিখ: ১৫/০১/২০২৬

### বাংলা ১৪৩৩ সালের আড়ানী পৌরসভার " হাট ও বাজার" ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আড়ানী পৌরসভাধীন নিম্ন তালিকায় উল্লেখিত "হাট ও বাজার" সমূহ বাংলা ১৪৩৩ সনের জন্য (১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৩ তারিখ) শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে বন্দোবস্তো/ইজারা দেয়া হবে। নিম্নোক্ত ইজারা ক্যালেন্ডার অনুযায়ী সীলমোহর যুক্ত খামে দর পত্র আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | হাট-বাজারের নাম | ১৪৩৩ সনের সরকারী মূল্য | সিডিউলের মূল্য (অফেরত যোগ্য) | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত প্রতি কার্যদিবস) | | দরপত্র দাখিলের শেষ তারিখ সকাল ৯ টা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | ৬ | | ৭ | |
| (১) | রুস্তমপুর হাট ও বাজার | ২,০০,০৮,০৭৭/ | ৪০,৮০০ টাকা | ১ম পর্যায় | ২২/০২/২০২৬ | ২৩/০২/২০২৬ | উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে তবে যে কোন বার দরপত্র অনুমোদন হলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গন্য হবে এবং নিয়ামক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে। |
| (২) | আড়ানী হাট ও বাজার | ৫৪,৯৮,৩৩৪/- | ১১,৬০০ টাকা | ২য় পর্যায় | ১৫/০৩/২০২৬ | ১৬/০৩/২০২৬ | |
| (২) | আড়ানী রেলস্টেশন হাট ও বাজার | ৬৬,১০৫/- | ৫০০ টাকা | ৩য় পর্যায় | ৩০/০৩/২০২৬ | ৩১/০৩/২০২৬ | |
| | | | | ৪র্থ পর্যায় | ২০/০৪/২০২৬ | ২১/০৪/২০২৬ | |
| | | | | ৫ম পর্যায় | ১৮/০৫/২০২৬ | ১৯/০৫/২০২৬ | |
| | | | | ৬ষ্ঠ পর্যায় | ১৫/০৬/২০২৬ | ১৬/০৬/২০২৬ | |
| | | | | ৭ম পর্যায় | ২৭/০৭/২০২৬ | ২৮/০৭/২০২৬ | |
| | | | | ৮ম পর্যায় | ২৪/০৮/২০২৬ | ২৫/০৮/২০২৬ | |
| | | | | ৯ম পর্যায় | ২১/০৯/২০২৬ | ২২/০৯/২০২৬ | |
| | | | | ১০ম পর্যায় | ২৫/১০/২০২৬ | ২৬/১০/২০২৬ | |

#### ইজারা শর্তাবলী

০১। দরপত্র সিডিউল সমূহ বর্ণিত দিনে অফিস চলাকালীন সময় পর্যন্ত অত্র ক) আড়ানী পৌরসভা কার্যালয় খ) সোনালী ব্যাংক-বাঘা শাখা, গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় বাঘা,ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বাঘা, ঙ)জেলা প্রশাসক এর কার্যালয় রাজশাহী এবং চ) পুলিশ সুপারের কার্যালয় রাজশাহী হতে উল্লেখিত নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। সরকারী ছুটি এবং দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। ইজারা বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য আড়ানী পৌরসভা কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

০২। সরকারী মূল্য অপেক্ষা কম দরে দাখিলকৃত দরপত্র গৃহীত হবে না সে ক্ষেত্রে পরবর্তী ধার্যকৃত তারিখ অনুযায়ী ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

০৩। দরপত্র সমূহ নির্ধারিত তারিখে বেলা ১:০০ টা পর্যন্ত যথাক্রমে ক)আড়ানী পৌরসভা কার্যালয় , খ)সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় ,বাঘা, গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় , বাঘা , ঘ)পুলিশ সুপারের কার্যালয়, রাজশাহী ও ঙ) জেলা প্রশাসক,রাজশাহী এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত দিনে দরপত্র গ্রহণ করা হবে এবং উক্ত দিনই ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে অথবা তাদের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) আড়ানী পৌরসভা কার্যালয়ে দরপত্র বাক্স খোলা হবে।

০৪। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ যে কোন তফসীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে প্রশাসক,আড়ানী পৌরসভা,রাজশাহী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে ফেরত দেয়া হবে।

০৫। যার দরপত্র গৃহীত হবে , দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৮০%(শতকরা আশি ভাগ) অর্থ,মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে অন্যথায় হাট- বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। অন্যান্য দরদাতাগণের জামানত ০১ এক মাসের মধ্যে ফেরত প্রদান করা হবে।

০৬। প্রত্যেক হাট- বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। হাট বাজার ইজারা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী ও সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

০৮। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করতে হবে ও প্রয়োজনীয় কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে। যেমন দরপত্র ক্রয়ের রশিদ, জাতীয় পরিচয়পত্র,নাগরিকত্ব সনদ , মোবাইল নম্বর, পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি ইত্যাদি।

০৯। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ,আয়করসহ )পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/= টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০। কোন প্রকার ঘষা - মাজা, কাটাকাটি , লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। হাট-বাজার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ি সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১২।কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/০১/২৬
([illegible])
প্রশাসক
আড়ানী পৌরসভা
বাঘা, রাজশাহী।

স্মারক নং ৪৬.৪৩.৮১১০.০০৮.০০১.০২.০০০১.২৬- (১৬) ৪২ তারিখ: ১৫/০১/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:

০১। বিভাগীয় কমিশনার ,রাজশাহী বিভাগ, রাজশাহী ।
০২। জেলা প্রশাসক,রাজশাহী।
০৩। পুলিশ সুপার , রাজশাহী ।
০৪। উপ- পরিচালক স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় , রাজশাহী।
০৫। প্রশাসক...................................................................(সকল).পৌরসভা,রাজশাহী।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, বাঘা,রাজশাহী।
০৭। সহকারী কমিশনার (ভূমি),বাঘা,রাজশাহী।
০৮। অফিসার ইনচার্জ ,বাঘা থানা,রাজশাহী।
০৯। ....................................................................................সদস্য(সকল),আড়ানী পৌরসভা,রাজশাহী।
১০। পৌর নির্বাহী কর্মকর্তা(অদা) / উপ সহকারী /সহকারী প্রকৌশলী (অদা)/ আড়ানী পৌরসভা,বাঘা,রাজশাহী।
১১। ব্যবস্থাপক , সোনালী ব্যাংক ,বাঘা শাখা ,রাজশাহী।
১২। ব্যবস্থাপক সোনালী ব্যাংক /জনতা ব্যাংক ,আড়ানী শাখা ,রাজশাহী।
১৩। আড়ানী রেল স্টেশন মাস্টার, আড়ানী রেল স্টেশন , বাঘা, রাজশাহী ।
১২। পৌর ভূমি উপ সহকারী র্কমকতা, পৌর ভূমি অফিস ,আড়ানী,রাজশাহী ।
১৩। পোষ্ট মাস্টার , আড়ানী সাব পোষ্ট অফিস , আড়ানী বাঘা,রাজশাহী।
১৫। হিসাব রক্ষক আড়ানী পৌরসভা , বাঘা, রাজশাহী ।
১৪। জনাব ................................................................/ইজারাদার,..........................হাট-বাজার,আড়ানী (সাবেক)।
১৫। বিজ্ঞাপন ম্যানেজার আপনার .........................দৈনিক স্থানীয় পত্রিকায় এবং আপনার.................. দৈনিক জাতীয় পত্রিকায় ভিতরের পাতায় ১(এক) দিনের জন্য সল্প পরিসরে ৩ কলাম ৮ ইঞ্চি প্রকাশ করিয়া দুই প্রস্থ পত্রিকা সহ বিধি মোতাবেক বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি।

১৫/০১/২৬

(সাবিহা সুলতানা ডলি)
প্রশাসক
আড়ানী পৌরসভা
বাঘা, রাজশাহী ।